

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
গণভবন কমপ্লেক্স  
শেরেবাংলা নগর, ঢাকা  
[www.mod.gov.bd](http://www.mod.gov.bd)

নম্বর: ২৩.০০.০০০০.০৯০.১৮.০৪.৯৪-১৪৩

তারিখ: ০২ বৈশাখ ১৪২৬  
১৫ এপ্রিল ২০১৯

**প্রজ্ঞাপন**

সামরিক অফিসার আবাসিক প্রকল্প (ডিওএইচএস) কমিটিতে জাজ এ্যাডভোকেট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী-কে অন্তর্ভুক্তিপূর্বক সরকার নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটি পুনর্গঠন করিলেন:

(ক)	সেনাবাহিনী প্রধান	-চেয়ারম্যান।
(খ)	কোয়ার্টার মাস্টার জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী	-সদস্য।
(গ)	সহকারী নৌবাহিনী প্রধান	-সদস্য।
(ঘ)	সহকারী বিমান বাহিনী প্রধান	-সদস্য।
(ঙ)	সংশ্লিষ্ট এরিয়া কমান্ডার	-সদস্য।
(চ)	জাজ এ্যাডভোকেট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী	-সদস্য।
(ছ)	পরিচালক, চলাচল ও বাসস্থান পরিদপ্তর, সেনাসদর	-সদস্য।
(জ)	সভাপতি, সকল ডিওএইচএস পরিষদ	-সদস্য।
(ঝ)	মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর	-সদস্য সচিব।

কমিটির টার্মস অব রেফারেন্স

- (ক) সামরিক অফিসার আবাসিক প্রকল্প প্রণয়ন ও উহা বাস্তবায়নের জন্য সুপারিশকরণ;
- (খ) সরকার কর্তৃক সামরিক অফিসার আবাসিক প্রকল্পের অনুমোদিত প্লট বাহিনীত্রয়ের কর্মকর্তাদের মধ্যে বণ্টনের সুপারিশকরণ;
- (গ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্লটে বাড়ি নির্মাণের সময়সীমা বর্ধিতকরণের সুপারিশকরণ;
- (ঘ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের উন্নয়নমূলক কাজের নীতিমালা প্রণয়ন;
- (ঙ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ব্যবস্থাপনার ক্ষেত্রে কোন সমস্যা দেখা দিলে তা সমাধানের জন্য সিদ্ধান্ত গ্রহণ;
- (চ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের জমি, প্লট ও ফ্ল্যাট হস্তান্তরের বিষয়ে সরকার কর্তৃক নীতিমালা প্রণয়নের নিমিত্ত সুপারিশকরণ;
- (ছ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের জন্য প্রযোজ্য নীতিমালার (যে নীতিমালা অনুসরণ করে ডিওএইচএস এর সকল কার্যক্রম পরিচালিত হবে) খসড়া প্রণয়ন, সংশোধন এবং বাস্তবায়নের লক্ষ্যে সরকারি অনুমোদনের জন্য সুপারিশকরণ;
- (জ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের অভ্যন্তরে সামাজিক এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখার জন্য প্রয়োজনীয় লিখিত নির্দেশনা প্রদান;

- (ঝ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্লট পাওয়ার জন্য বিভিন্ন শ্রেণির অফিসারদের যোগ্যতার ব্যাপারে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- (ঞ) ডিওএইচএস এর গঠনতন্ত্রের আলোকে ডিওএইচএস পর্যদসমূহের কার্যক্রম পরিচালনা নিশ্চিত করা; এবং
- (ট) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ব্যাপারে বিবিধ কার্যাবলী সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(রাশেদা জামান)

উপসচিব

ফোনঃ ৯১১২২৯৫


নম্বর: ২৩.০০.০০০০.০৯০.১৮.০৪.৯৪- ১৪৩

তারিখ: ০২ বৈশাখ ১৪২৬  
১৫ এপ্রিল ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক  
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর  
ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ২। উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা।

(বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।



(রাশেদা জামান)

উপসচিব

ফোনঃ ৯১১২২৯৫